

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা অবহিতকরণ ৩য় ত্রৈমাসিক (২০২০-২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	২৮/০৩/২০২১ খ্রিষ্টাব্দ
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	জাতীয় গ্রন্থাগার ভবনের মিলনায়তন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

আলোচনা :

সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা অবহিতকরণ ৩য় ত্রৈমাসিক (২০২০-২১) সভা ২৮/০৩/২০২১ তারিখে দুপুর ১২.০০ ঘটিকায় জাতীয় গ্রন্থাগার ভবনের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (আরকাইভস) জনাব মোঃ সুজায়েত উল্যা, (যুগ্মসচিব) এবং পরিচালক (গ্রন্থাগার) জনাব মোঃ দাউদ মিয়া, এনডিসি (যুগ্মসচিব)। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকলকে করোনা ভাইরাস জনিত মহামারির কারণে অফিসের কর্মকর্তা ও কর্মচারী, সেবাপ্রদানকারী, সেবাগ্রহীতা এবং পাঠক/গবেষক সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান।

তিনি বলেন যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরটি একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। গবেষক বা পাঠককে সেবা প্রদান করা প্রতিষ্ঠানটির অন্যতম দায়িত্ব। তিনি আরও বলেন যে, প্রতিটি সরকারি অফিসে সিটিজেন চার্টার রয়েছে। আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার দুটি শাখা রয়েছে। দুটি ভবনের প্রবেশপথে দর্শনীয় স্থানে সিটিজেন চার্টার লিখে টানিয়ে দেওয়া হয়েছে। সেবা প্রদান সম্পর্কে সিটিজেন চার্টারে লেখা রয়েছে। তিনি বলেন যে, গবেষক বা পাঠক সিটিজেন চার্টার দেখে নির্ধারিত ডেস্কে গিয়ে সহজেই সেবা গ্রহণ করতে পারেন।

অধিদপ্তরের পরিচালক(যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা আলোচনায় অংশ নিয়ে বলেন যে, কোভিড পরিস্থিতির কারণে আমাদের সবাইকে স্বাস্থ্যবিধি মেনে সেবা প্রদান ও সেবা গ্রহণ করতে হবে।

অধিদপ্তরের পরিচালক(যুগ্মসচিব) জনাব মোহাম্মদ দাউদ মিয়া এনডিসি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, সিটিজেন চার্টার দেখে একজন সেবা গ্রহীতা তার চাহিত সেবা সম্পর্কে জানতে পারেন। তিনি বলেন যে, আমাদের সবাইকে স্বাস্থ্যবিধি মেনে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান ও সেবা গ্রহণ করতে হবে।

অতঃপর অংশগ্রহণকারীদের মধ্য থেকে আলোচনায় অংশগ্রহণ করে নিম্নরূপভাবে তাদের মতামত তুলে ব্যক্ত করেন-


আলোচনায় অংশ নিয়ে জনাব ওসমান গণি বলেন যে, অধিদপ্তরের পরিবেশ খুবই সুন্দর। বহিরাঙ্গণ প্রাকৃতিক পরিবেশ ভিতরেও নিরিবিলি ভাবে গবেষণা ও লেখাপড়া করা যায়। তিনি বলেন যে, জাতীয় গ্রন্থাগারে পানির ফিল্টার ঠিকমত কাজ করে না, রিডিংরুমে এসি প্রায়ই নষ্ট থাকে। তিনি বলেন বাথরুমের সংখ্যা বাড়ানো প্রয়োজন, কিছু বাতি জ্বলে না, বাতির ব্যবস্থা করতে তিনি অনুরোধ জানান।

জনাব আব্দুর রহিম আলোচনায় অংশ নিয়ে বলেন যে, সুন্দর নিরিবিলি পরিবেশে আমরা গবেষণা করতে পারছি এবং যথাযথভাবে সেবা পাচ্ছি। এজন্য আমরা অধিদপ্তর কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জানাই। তিনি জাতীয় আরকাইভসের বাথরুম আরও পরিষ্কার রাখার অনুরোধ জানান।

সিদ্ধান্ত

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়ন দায়িত্ব
১.	জাতীয় গ্রন্থাগার ভবনের পানির ফিল্টার মেরামত করতে হবে।	সহকারী গ্রন্থাগার পরিচালক
২.	জাতীয় গ্রন্থাগার ভবনের পাঠকক্ষে বাতির ব্যবস্থা করতে হবে।	সহকারী গ্রন্থাগার পরিচালক
৩.	সেবাগ্রহণকারী ও সেবা প্রদানকারী উভয়কে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।	উপপরিচালক(আরকাইভস) উপপরিচালক(গ্রন্থাগার)
৪.	জাতীয় আরকাইভসের বাথরুম আরও পরিষ্কার রাখতে হবে।	অফিস সুপার

সভায় আর কোনও আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদ আহমদ ভূঁইয়া
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.১৮.০০১.১৯.২৫

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ২) পরিচালক (গ্রন্থাগার), পরিচালক (গ্রন্থাগার) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৩) সভাপতি, এপিএ কমিটি এবং প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (প্রয়োজনীয় কার্যার্থে)।
- ৪) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৫) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৬) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৭) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সংশ্লিষ্ট নথি।



মোঃ আলী আকবর
সহকারী পরিচালক